

বাংলাদেশ জাতীয় জাদুঘর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
প্রশাসন ও সংস্থাপন শাখা  
শাহবাগ, ঢাকা-১০০০।

নম্বর : ৪৩.২২.০০০০.০০৪.০৮.০১৭.২৪. ৩২৮৬

তারিখ : ২৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ।  
০৮ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ।

অফিস আদেশ

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৩.০০.০০০০.১২৪.২৩.২০৪.২৪.২১৫, তারিখ ২৭/০৩/২০২৪ মোতাবেক বাংলা নববর্ষ ১৪৩১ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর ২.১৩ নম্বর ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী শিশু-কিশোর, ছাত্র-ছাত্রী, প্রতিবন্ধী ও বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সৌজন্য প্রবেশপত্রে (বিনামূল্যে) জাদুঘর পরিদর্শনের নিমিত্ত আগামী পহেলা বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/১৪ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ রবিবার (সরকারি ছুটির দিন) বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং এর নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরের গ্যালারিসমূহ সকাল ১০.৩০টা থেকে বিকাল ৪.৩০টা পর্যন্ত খোলা থাকবে। উল্লেখ্য, সাধারণ দর্শনার্থীগণ যথারীতি টিকিট কেটে বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং এর নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরের গ্যালারিসমূহ পরিদর্শন করতে পারবেন।

০২। এ পরিপ্রেক্ষিতে আগামী পহেলা বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/১৪ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ রবিবার (সরকারি ছুটির দিন) বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং এর নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরের গ্যালারিসমূহ সকাল ১০.৩০টা থেকে বিকাল ৪.৩০টা পর্যন্ত যথাযথ নিরাপত্তা ব্যবস্থাসহ খোলা-বন্ধ ও প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগ ও শাখা প্রধান এবং নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘর প্রধানগণকে নির্দেশ প্রদান করা হলো।

০৩। দর্শনার্থীগণ সাধারণ স্বাস্থ্যবিধি অনুসরণ করবেন। বিষয়টি নিরাপত্তা শাখা এবং সংশ্লিষ্ট শাখা জাদুঘর প্রধানগণ নিশ্চিত করবেন।

০৪। পহেলা বৈশাখ ১৪৩১ (বাংলা নববর্ষ ১৪৩১) উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘরের জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগ বাংলা নববর্ষের ইতিহাস ও ঐতিহ্য নিয়ে ভারুয়াল বিশেষ প্রদর্শনী আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে। আইসিটি শাখা প্রধান এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

  
(মোঃ কামরুজ্জামান)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
বাংলাদেশ জাতীয় জাদুঘর  
ফোন : ০২-২২৩৩৬৭৬৯৩


নম্বর : ৪৩.২২.০০০০.০০৪.০৮.০১৭.২৪. ৩২৮৬/৩৩

তারিখ : ২৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ।  
০৮ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। জনাব আইরীন ফারজানা, উপসচিব, অনুষ্ঠান শাখা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। ..... বিভাগ ও শাখা প্রধান, বাংলাদেশ জাতীয় জাদুঘর।  
(গ্যালারি খোলা রাখার সময়কালীন তাঁর বিভাগের ১ জন কর্মকর্তা পর্যায়ের প্রতিনিধিকে উপস্থিত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)
- ৩। কীপার, জনশিক্ষা বিভাগ, বাংলাদেশ জাতীয় জাদুঘর (তিনি মোবাইলে এস.এম.এস দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।
- ৪। জনাব....., আস্থায়ক/সদস্য, .....নং রোস্টার কমিটি, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
- ৫। কীপার (রুটিন দায়িত্ব), বাংলাদেশ জাতীয় জাদুঘর (বাংলা নববর্ষের ইতিহাস ও ঐতিহ্য নিয়ে ভারুয়াল বিশেষ প্রদর্শনী আয়োজনের ব্যবস্থা করবেন)।
- ৬। উর্ধ্বতন নিরাপত্তা অফিসার, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
- ৭। উর্ধ্বতন হিসাবরক্ষণ অফিসার, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
- ৮। কীপার/উপ-কীপার/উপ-কীপার(রুটিন দায়িত্ব)/এক্সপ্লোরেশন অফিসার/সহকারী কীপার/সহকারী কীপার (রুটিন দায়িত্ব)/সহকারী নিরাপত্তা পরিদর্শক.....।
- ৯। আইসিটি শাখা প্রধান, বাংলাদেশ জাতীয় জাদুঘর (তিনি আদেশটি জাদুঘরের ওয়েব সাইটে এবং ফেসবুকে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)
- ১০। সহকারী প্রকৌশলী, বাংলাদেশ জাতীয় জাদুঘর (তিনি পানি, বিদ্যুৎ ও এসি সরবরাহ ব্যবস্থা নিশ্চিত করবেন)।
- ১১। ডিসপ্লে অফিসার (রুটিন দায়িত্ব), বাংলাদেশ জাতীয় জাদুঘর (তিনি টিকেট কাউন্টারের সামনে ব্যানার দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।
- ১২। উর্ধ্বতন প্রদর্শক প্রভাষক, সাধারণ সেবা শাখা, বাংলাদেশ জাতীয় জাদুঘর (তিনি পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করবেন)।
- ১৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ জাতীয় জাদুঘর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
৩১/৪/২৪

  
(গাজী মোঃ ওয়ালি-উল-হক)  
সচিব (যুগ্মসচিব)  
বাংলাদেশ জাতীয় জাদুঘর  
ফোন : ০২-৪১০৬০২৬৬